



পঞ্চদশ অধ্যায় সেলাইয়ের সরঞ্জাম ও বিভিন্ন ধরনের ফোঁড়



পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি



- বিভিন্ন মেশিনের পরিচিতি : বাজারে সাধারণত তিন ধরনের সেলাই মেশিন পাওয়া যায়। যথা : হাত মেশিন, পা মেশিন ও বৈদ্যুতিক মেশিন। হাত মেশিন চালাতে বিদ্যুৎশক্তির প্রয়োজন হয় না। বাম হাত দিয়ে কাপড় ধরে, ডান হাত দিয়ে হাতল ঘুরিয়ে সেলাই কাজ করতে হয়। পা মেশিন চালাতেও বিদ্যুৎশক্তির প্রয়োজন হয় না। পায়ের চাপের সাহায্যে প্যাডেল নাড়াচাড়া করে এই মেশিন চালানো হয়। বৈদ্যুতিক মেশিনে বিদ্যুৎশক্তির সাহায্যে অল্প পরিশ্রমে বিভিন্ন ধরনের সেলাইয়ের কাজ সহজে করা যায়।
- মাপ নেওয়ার সরঞ্জাম : যে কোনো সুন্দর মানানসই ফিটিং পোশাকের পূর্বশর্ত হচ্ছে সঠিকভাবে পরিধানকারীর দেহের মাপ নেওয়া। দেহের বিভিন্ন অংশের মাপ নেওয়ার জন্য কিছু সরঞ্জামের প্রয়োজন হয়। যেমন— মাপার ফিতা, স্কেল, গজ, কাঠি ইত্যাদি।
- কাটার সরঞ্জাম : কাপড় ছাঁটার জন্য মাঝারি ধরনের ধারালো কাঁচি, সুতা কাটার জন্য ছোট কাঁচি এবং পোশাক প্রস্তুতের পর পোশাকের প্রান্তধার কাটার জন্য পিথকিং শিয়ার ব্যবহার করা হয়। এছাড়া সেলাই খোলার জন্য বডকিন ব্যবহার করা হয়।
- দাগ দেওয়ার সরঞ্জাম : পোশাকের বিভিন্ন স্থানে প্রয়োজনীয় দাগ দেওয়ার জন্য পেন্সিল, টেইলারিং চক, ইত্যাদি ব্যবহার করা হয়।
- চাপ দেওয়ার সরঞ্জাম : পোশাকের অংশ ছাঁটার আগে ও সেলাই করার পর তাদের আকৃতি সঠিকভাবে প্রস্তুত করার জন্য সঠিক ওজনের ইড্রি, সঠিক উচ্চতার টেবিল দরকার হয়।
- হাতে সেলাই করার সরঞ্জাম : হাতে সেলাই করার জন্য ছোট বড় নানা সাইজের সুচ, নানা রঙের সুতা, ফ্রেম, কাঁচি ইত্যাদি প্রয়োজন হয়।
- রান ফোঁড় : এই ফোঁড়ের সাহায্যে পোশাক তৈরি করা ছাড়াও নকশি কাঁথা, সোফা ব্যাক ইত্যাদি সেলাই করা যায়।
- বখেয়া ফোঁড় : নকশার ধার, গাছের ডাল, পাতা প্রভৃতিতে নকশার জন্য এই ফোঁড় ব্যবহার করা হয়।
- হেম ফোঁড় : গলায়, হাতের মুড়িতে, ট্রে ক্লথ, টেবিল ক্লথ ও রবমালের কিনারায় কাপড় তাঁজ করে এই ফোঁড় ব্যবহার করা হয়।
- চেইন ফোঁড় : নকশার কিনারা, ডাল, পাতা প্রভৃতি তৈরির কাজে এই ফোঁড় ব্যবহার করা হয়।



অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর



১. দেহের মাপ নেওয়ার জন্য কোন সরঞ্জামটি ব্যবহার করা হয়?
 ১. ট্রেসিং হুইল ২. সিম রোল ৩. মাপের ফিতা ৪. টেইলারিং চক
 ২. ফ্রকের প্রান্তধার মুড়িয়ে সেলাই করতে কোন ফোঁড় ব্যবহার করা হয়?
 ১. রান ২. হেম ৩. বখেয়া ৪. টাক
- নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ নং ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :
- জুলিয়া তার বাচ্চাদের জামা নিজেই তৈরি করেন। তবে জামা তৈরি করার সময় চূড়ান্ত সেলাইয়ের আগে তিন একটি ফোঁড় ব্যবহার করে সেলাই করেন।
৩. জুলিয়া কোন ফোঁড়টি ব্যবহার করে?
 ১. রান ২. টাক ৩. হেম ৪. চেইন
 ৪. জুলিয়া পোশাক সেলাইয়ের সময় তিন ফোঁড় ব্যবহার করেন। কারণ—
 i. পোশাকের মাপ ঠিক করা
 ii. পোশাকটি আকর্ষণীয় করা
 iii. খরচ বাঁচানো
 নিচের কোনটি সঠিক?
 ১. i ও ii ২. ii ও iii ৩. i ও iii ৪. i, ii ও iii



অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর



পাঠ ১ : বিভিন্ন মেশিনের পরিচিতি ■ পৃষ্ঠা - ১২২

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫. সময় বাঁচিয়ে কীভাবে সেলাই করা যায়? (অনুধাবন)
 ১. কাপড় ঘরে তৈরির মাধ্যমে
 ২. সেলাই মেশিনের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে
 ৩. সেলাই বিষয়ে অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে
 ৪. সেলাই সরঞ্জাম হাতের কাছে রাখার মাধ্যমে
৬. সেলাইয়ের জন্য ব্যবহৃত বিভিন্ন সরঞ্জামের মধ্যে সবচেয়ে প্রধান কোনটি? (জ্ঞান)
 ১. কাপড় কাটার কাঁচি ২. পিথকিং শিয়ার
 ৩. বডকিন ৪. সেলাই মেশিন
৭. বাজারে সাধারণত কত ধরনের সেলাই মেশিন পাওয়া যায়?
 ১. দুই ২. তিন ৩. চার ৪. পাঁচ
৮. কোন সেলাই মেশিনের উৎপাদন ক্ষমতা কম? (জ্ঞান)
 ১. পা মেশিনের ২. বৈদ্যুতিক মেশিনের
 ৩. হাত মেশিনের ৪. বডকিন মেশিনের
৯. বাড়ির কাজের জন্য কোন মেশিন সুবিধাজনক? (অনুধাবন)
 ১. পা মেশিন ২. হাত মেশিন
 ৩. বৈদ্যুতিক মেশিন ৪. ট্রেসিং হুইল
১০. দুই হাতের সাহায্যে কাপড় নিয়ন্ত্রণ করা যায় কোন মেশিনে? (জ্ঞান)
 ১. হাত মেশিনে ২. পা মেশিনে
 ৩. বৈদ্যুতিক মেশিনে ৪. বডকিন মেশিনে
১১. কোন মেশিনে অল্প পরিশ্রমে অনেক কাপড় সেলাই করা যায়? (জ্ঞান)
 ১. হাত মেশিনে ২. পা মেশিনে
 ৩. বৈদ্যুতিক মেশিনে ৪. এমব্রয়ডারি মেশিনে
১২. বৈদ্যুতিক মেশিন ব্যবহারের সময় কী খেয়াল রাখতে হয়? (উচ্চতর দরত)
 ১. যেন বিদ্যুৎ খরচ বেশি না হয় ২. যেন দ্রুতগতিতে কাজ করা যায়

- যেন দুর্ঘটনা না ঘটে ৩৩. যেন কম সময়ে বেশি কাজ করা যায়

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩. সেলাইয়ের সাজ-সরঞ্জাম হাতের কাছে থাকলে- (অনুধাবন)
i. কাজ করতে সুবিধা হয় ii. বিরক্তি আসে না
iii. সময় বাঁচে
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii ● i, ii ও iii
১৪. পা মেশিনে সবচেয়ে বেশি ব্যবহৃত হওয়ার কারণ- (উচ্চতর দরত)
i. ব্যবহার পদ্ধতি সহজ
ii. দাম তুলনামূলকভাবে কম
iii. সেলাইয়ের সময় দুই হাতে কাপড় নিয়ন্ত্রণ করা যায়
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii ● i ও iii Ⓑ ii ও iii Ⓒ i, ii ও iii
১৫. বৈদ্যুতিক মেশিন ব্যবহারের অসুবিধা- (অনুধাবন)
i. দাম বেশি
ii. পর্যাপ্ত জ্ঞান প্রয়োজন
iii. দুর্ঘটনা ঘটতে পারে
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :
রাহেলা বেগম একজন গৃহিণী। তিনি কম দামি মেশিনের সাহায্যে বাড়িতে ছেলেমেয়েদের জন্য পোশাক তৈরি করেন। তাকে বাম হাত দিয়ে কাপড় ধরে, ডান হাত দিয়ে হাতল ঘুরিয়ে সেলাই কাজ করতে হয়।

১৬. রাহেলা কোমের সেলাই মেশিনের সাথে নিচের কোনটির সাদৃশ্য রয়েছে? (প্রয়োগ)
Ⓐ পা মেশিন Ⓑ বৈদ্যুতিক মেশিন
● হাত মেশিন Ⓒ পিথকিং মেশিন
১৭. রাহেলা বেগমের সেলাই মেশিনের ক্ষেত্রে প্রযোজ্য- (উচ্চতর দরত)
i. বিদ্যুৎ শক্তির প্রয়োজন নেই
ii. তুলনামূলকভাবে দাম কম
iii. উৎপাদন রমতা বেশি
নিচের কোনটি সঠিক?
● i ও ii Ⓐ i ও iii Ⓑ ii ও iii Ⓒ i, ii ও iii

পাঠ ২ : মাপ নেওয়া, কাটা ও দাগ দেওয়ার সরঞ্জাম
পৃষ্ঠা - ১২৪

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৮. মানানসই ফিটিং পোশাকের পূর্বশর্ত কোনটি? (জ্ঞান)
● সঠিকভাবে পরিধানকারীর দেহের মাপ নেওয়া
Ⓐ সঠিকভাবে পরিধানকারীর দেহের ওজন মাপা
Ⓑ সঠিকভাবে পরিধানকারীর কাপড় কেনা
Ⓒ সঠিকভাবে কাপড় কাটা
১৯. মি. হালিম একজন দর্জি। পোশাকের মাপ নেওয়ার তিনি কোন সরঞ্জামটি ব্যবহার করেন? (প্রয়োগ)
● গজ কাঠি Ⓐ কার্বন পেপার Ⓑ রাবার Ⓒ বডকিন
২০. কাপড় সুন্দরভাবে কাটা কেন প্রয়োজন? (অনুধাবন)
Ⓐ পোশাকের দাম বৃদ্ধি Ⓑ পোশাকের চাহিদা বৃদ্ধি
● পোশাকের নকশা ফুটিয়ে তোলা Ⓒ পোশাকের ফিটিং ঠিক রাখা
২১. কাটার সরঞ্জাম কোনটি? (জ্ঞান)
Ⓐ ফিতা Ⓑ শেপ-কাঠ Ⓒ গজ কাট ● কাঁচি
২২. পোশাক প্রস্তুতের পর প্রান্তধার কাটার জন্য কী ব্যবহার করা হয়? (জ্ঞান)
Ⓐ কাঁচি Ⓑ গজ কাঠি Ⓒ শেপ কাঠ ● পিথকিং শিয়ার
২৩. সেলাই খোলার কাজে কোন সরঞ্জামটি ব্যবহার করা হয়? (জ্ঞান)
Ⓐ স্কেল Ⓑ কাঁচি ● বডকিন Ⓒ পিথকিং শিয়ার

২৪. কাপড় ছাঁটার জন্য কোন ধরণের কাঁচি ব্যবহার করা হয়? (জ্ঞান)
Ⓐ বড় ● মাঝারি Ⓑ ছোট Ⓒ তেঁতা
২৫. দাগ দেওয়ার সরঞ্জাম কোনটি? (জ্ঞান)
Ⓐ বডকিন Ⓑ পিথকিং শিয়ার ● কার্বন পেপার Ⓒ কাঁচি
২৬. টেইলারিং চক কী? (জ্ঞান)
Ⓐ কাটার সরঞ্জাম ● দাগ দেওয়ার সরঞ্জাম
Ⓑ মাপ নেওয়ার সরঞ্জাম Ⓒ চাপ দেওয়ার সরঞ্জাম

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৭. মাপ নেওয়ার সরঞ্জাম হলো- (অনুধাবন)
i. মাপের ফিতা ii. স্কেল
iii. গজ কাঠি
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii ● i, ii ও iii
২৮. কাপড় কাটার কাজে মালিহা ব্যবহার করবে- (প্রয়োগ)
i. পিথকিং শিয়ার ii. ধারালো কাঁচি
iii. বডকিন
নিচের কোনটি সঠিক?
● i ও ii Ⓐ ii ও iii Ⓑ i ও iii Ⓒ i, ii ও iii
২৯. নকশা আঁকা ও বিভিন্ন স্থানে দাগ বা মাপের চিহ্ন দেওয়ার জন্য প্রয়োজন- (অনুধাবন)
i. টেইলারিং চক ii. কার্বন পেপার
iii. বিভিন্ন রঙের সূতা
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও :
রোকিয়া বেগম সেলাইয়ের প্রশিক্ষণ নিয়েছে। সে যে কোনো সুন্দর মানানসই পোশাক তৈরি করতে পারে। সে পিথকিং শিয়ার, বডকিন মাপের ফিতা, কাঁচি ইত্যাদি সরঞ্জাম ব্যবহার করে।

৩০. রোকিয়া বেগম যে কোনো সুন্দর মানানসই পোশাক তৈরি করে কীভাবে? (প্রয়োগ)
● পরিধানকারীর দেহের সঠিক মাপ নিয়ে
Ⓐ পরিধানকারীর দেহের ওজন নিয়ে
Ⓑ তৈরিকৃত কাপড় ছাঁটাই করে
Ⓒ তৈরিকৃত কাপড় নকশা করে
৩১. রোকিয়া বেগমের পিথকিং শিয়ার ও বডকিন ব্যবহার করার কারণ হলো- (অনুধাবন)
i. পোশাকের প্রান্তধার কাটা
ii. দেহের মাপ নেওয়া
iii. সেলাই খোলা
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii ● i ও iii Ⓑ ii ও iii Ⓒ i, ii ও iii

পাঠ ৩ : চাপ দেওয়া ও হাতে সেলাই করার সরঞ্জাম
পৃষ্ঠা - ১২৫

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩২. কাপড়ের আকৃতি সঠিকভাবে প্রস্তুত করতে কোনটি প্রয়োজন? (অনুধাবন)
● ইস্ত্রি করা Ⓐ তাপ দেওয়া Ⓑ ভিজিয়ে রাখা Ⓒ রোদে শুকানো
৩৩. পোশাকের আকৃতি সঠিকভাবে প্রস্তুত করার জন্য চাপ দেওয়া বা ইস্ত্রি করার প্রয়োজন হয় কখন? (জ্ঞান)
● পোশাকের বিভিন্ন অংশ ছাঁটার আগে Ⓐ পোশাক সেলাই করার আগে
Ⓑ পোশাকের বিভিন্ন অংশ ছাঁটার পরে Ⓒ কাপড় ভিজিয়ে রাখার পরে
৩৪. পোশাকের কোন অংশ আলাদাভাবে তৈরি করে পরবর্তীতে পোশাকের সাথে জুড়ে দেওয়া হয়? (জ্ঞান)
Ⓐ সিরড ● কলার
Ⓑ বডির ব্যাক পার্ট Ⓒ বডির ফ্রন্ট পার্ট
৩৫. কাপড় ইস্ত্রি করলে কেমন দেখায়? (জ্ঞান)

- সুন্দর ও পরিপাটি ৩৬. সোজা ও লম্বা
 ৩৬. পরিপাটি ও কুৎসিত ৩৭. ভাঁজ ও কঁচকানো
 পোশাকে চাপ দেওয়ার জন্য প্রয়োজন হয় কোনটি? (জ্ঞান)
 ● ইস্ত্রি ৩৮. সুই ৩৯. ফ্রেম ৪০. আলপিন
 নিচের কোনটি হাতে সেলাই করার সরঞ্জাম? (জ্ঞান)
 ৩৭. সেকল ৪১. রাবার ৪২. ফ্রেম ৪৩. কর্বান পোপার
 সেলাইয়ের সরঞ্জামগুলো খুব যত্ন করে রাখতে হয় কোথায়? (জ্ঞান)
 ৩৮. আলমারিতে ৪৪. শোকেসে ● বাস্কে ৪৫. বোতলে

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৯. পোশাকের যেসব অংশ পরবর্তীতে পোশাকের সাথে লাগিয়ে দেয়া হয়— (অনুধাবন)
 i. কলার ii. বোতাম পড়ি
 iii. পিরট
 নিচের কোনটি সঠিক?
 ৪০. কাপড় হাতে সেলাই করার জন্য প্রয়োজন— (অনুধাবন)
 i. সূচ ii. ছোট কাঁচি
 iii. মাপের ফিতা
 নিচের কোনটি সঠিক?
 ● i ও ii ৩৮. i ও iii ৩৯. ii ও iii ৪০. i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- নিচের অনুচ্ছেদটি পড়ে ৪১ ও ৪২ নং প্রশ্নের উত্তর দাও :
 মিসেস শিউলির নিজস্ব ব্লিচ হাউস আছে। তার নিয়োগকৃত মহিলা কর্মীরা খুব যত্নের সাথে পোশাক সেলাইয়ের কাজগুলো করে থাকে। এবেত্রে বেশিরভাগ অংশ মেশিনে সেলাই করে কাজ শেষে তারা সেলাইয়ের সরঞ্জামগুলো গুছিয়ে রাখেন।
 ৪১. মহিলা কর্মীরা পোশাকের কিছু অংশ পরিপাটিভাবে শেষ করতে কী ব্যবস্থা নেন? (প্রয়োগ)
 ৪২. সেলাই কাজ শেষ হলে মহিলা কর্মীরা যে কাজটি করেন তাতে— (উচ্চতর দৰতা)
 i. সরঞ্জামগুলো সহজেই পাওয়া যায় ii. কাজ ভালোভাবে করা যায়
 iii. সেলাই সুন্দর হয়
 নিচের কোনটি সঠিক?
 ● i ও ii ৩৮. i ও iii ৩৯. ii ও iii ৪০. i, ii ও iii

পাঠ ৪ : বিভিন্ন ফোঁড়ের পরিচিতি (রান ও বখেয়া) ■ পৃষ্ঠা - ১২৭

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৩. এমব্রয়ডারি করার সময় কোন ধরনের সূচ ব্যবহার করা হয়? (জ্ঞান)
 ৪৪. কাপড়ের কোন বিষয়টির দিকে লক্ষ রেখে সূতর টান ঠিক রাখতে হবে? (অনুধাবন)
 ৪৫. কাঁ অনুসারে বিভিন্ন ধরনের ফোঁড়ের সঠিক প্রয়োগ করতে হবে? (জ্ঞান)
 ৪৬. কোন ফোঁড় সর্বত্র প্রায় সমান আকৃতির হয়? (জ্ঞান)
 ৪৭. কোনটি সবচেয়ে সহজ ফোঁড়? (জ্ঞান)
 ৪৮. নকশি কাঁথা তৈরি সাধারণত কোন ফোঁড় ব্যবহার করা হয়? (জ্ঞান)
 ৪৯. দুই বা ততোধিক কাপড়ের টুকরা সাময়িকভাবে জোড়া দিতে কোন সেলাই ব্যবহার করতে হয়? (জ্ঞান)
 ৫০. কোন ফোঁড় বেশ মজবুত? (জ্ঞান)
 ৫১. গাছের ডালে নকশার জন্য কোন ফোঁড় ব্যবহার করা হয়? (জ্ঞান)

৫২. কোন সেলাই সোজা দিক থেকে মেশিনে সেলাইয়ের মতো দেখায়? (অনুধাবন)
 ৫৩. কোন ফোঁড়ের উল্টোদিক ডাল ফোঁড়ের মতো দেখায়? (জ্ঞান)
 ৫৪. সাধারণত কোন ক্ষেত্রে বখেয়া ফোঁড়ের ব্যবহার করা হয়? (জ্ঞান)

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৫. সুই সূতার সাহায্যে কাপড়ে নকশা তৈরি করার জন্য— (অনুধাবন)
 ৫৬. রান ফোঁড়ের সাহায্যে সেলাই করা যায়— (অনুধাবন)
 ৫৭. রান ফোঁড় ব্যবহার হয়— (অনুধাবন)
 ৫৮. বখেয়া ফোঁড়ের বৈশিষ্ট্য— (অনুধাবন)
 ৫৯. বখেয়া ফোঁড় ব্যবহার করা হয়— (অনুধাবন)

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- নিচের অনুচ্ছেদটি পড়ে ৬০ ও ৬১ নং প্রশ্নের উত্তর দাও :
 শীলা ঘরের কাজের পাশাপাশি নিজেকে স্বাবলম্বী করে তুলতে বিভিন্ন ধরনের নকশি কাঁথা, কুশন কভার সেলাই করে। গ্রামে তার করা হাতের কাজের বেশ সুনাম রয়েছে।
 ৬০. শীলা নকশি কাঁথা ও কুশন কভারে কোন ফোঁড় ব্যবহার করে? (প্রয়োগ)
 ৬১. শীলার ব্যবহৃত ফোঁড়টি— (উচ্চতর দৰতা)

পাঠ ৫ : হেম, চেইন, লেজিডেজি ও ডাল ফোঁড় ■ পৃষ্ঠা - ১২৯

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬২. হেম সেলাই কোনটির ক্ষেত্রে ব্যবহৃত হয়? (জ্ঞান)
 ৬৩. রুপা একটি রুমাল সেলাই করছে। রুমালের কিনারায় সে কোন সেলাই দিবে? (প্রয়োগ)
 ৬৪. টেবিল ক্রুথের কিনারে উপযোগী ফোঁড় কোনটি? (জ্ঞান)

৬৫. কাপড়ের উল্টো দিকে কোন সেলাই করা হয়? (জ্ঞান)
 Ⓐ টাক Ⓑ রান Ⓒ বথেয়া ● হেম
৬৬. কোন ফোঁড় শিকলের মতো? (জ্ঞান)
 Ⓐ বথেয়া Ⓑ লেজিডেজি Ⓒ ডাল ● চেইন
৬৭. কোন সেলাইয়ে সুতা দিয়ে সুচের ঠিক আগায় একটি ফাঁস তৈরি করা হয়? (জ্ঞান)
 Ⓐ ডাল ● চেইন Ⓒ টাক Ⓓ হেম
৬৮. ফুলের পাপড়ি তৈরিতে কোনটি ব্যবহৃত হয়? (জ্ঞান)
 Ⓐ হেম ফোঁড় ● লেজিডেজি ফোঁড় Ⓒ চেইন ফোঁড় Ⓓ রান ফোঁড়
৬৯. গাছের ডালের সাথে জড়ানো লতার মতো কোন ফোঁড়? (জ্ঞান)
 Ⓐ লেজিডেজি ● ডাল Ⓒ টাক Ⓓ বথেয়া

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭০. হেম ফোঁড় ব্যবহার করা হয়— (অনুধাবন)
 i. গলায় ও হাতের মুড়িতে ii. ট্রে রুথের কিনারায়
 iii. টেবিল রুথের কিনারায়
 নিচের কোনটি সঠিক?
 Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii ● i ও ii, iii
৭১. চেইন ফোঁড় ব্যবহার করা হয়— (অনুধাবন)
 i. নকশার কিনারায় ii. হাতের মুড়িতে

- iii. ডাল তৈরিতে
 নিচের কোনটি সঠিক?
 Ⓐ i ও ii ● i ও iii Ⓑ ii ও iii Ⓒ i ও ii, iii

অভিনু তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- নিচের অনুচ্ছেদটি পড়ে ৭২ ও ৭৩ নং প্রশ্নের উত্তর দাও :
 সুমনা সস্তম শ্রেণির ছাত্রী। সে ষষ্ঠ শ্রেণির বই থেকে বিভিন্ন সেলাই ফোঁড় শিখেছে। যেমন : হেম, লেজিডেজি, চেইন ইত্যাদি। সে তার অনেক জামায় কাজ করেছে এবং তার বন্ধুরা কাজের প্রশংসা করে।
৭২. সুমনা লেজিডেজি ফোঁড় ব্যবহার করে— (প্রয়োগ)
 i. জামার নিচের ধারে ii. ছোট ফুলের পাপড়ি তৈরিতে
 iii. পাতা তৈরিতে
 নিচের কোনটি সঠিক?
 Ⓐ i ও ii Ⓑ i ও iii ● ii ও iii Ⓒ i ও ii, iii
৭৩. সুমনার শেখা সেলাই ফোঁড়ের উদ্দেশ্য কী? (উচ্চতর দর্শন)
 Ⓐ পোশাক মজবুত হওয়ার জন্য Ⓑ পোশাক টেকসই হয়
 ● পোশাক সুন্দর ও আকর্ষণীয় হয় Ⓒ বাজারে চাহিদা বাড়়ে



অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর



প্রশ্ন-১▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

পোশাক সেলাইয়ের কাজ করেছে রবমাকে সংসার চালাতে হয়। সে একটি হাত মেশিন, কাঁচি ও গজ ফিতা দিয়েই এ কাজ করে। বুটিক শপের জন্য দোকানিরা তার তৈরি পোশাকগুলোর কলার, কাফ, পকেট, পিরট, বোতাম ঘর ইত্যাদির ফিনিশিং দেখে সন্তুষ্ট না হয়ে পোশাকগুলো ফেরত দেয়। এ ছাড়াও পাড়ার লোকদের অর্ডার সঠিক সময়ে বুঝিয়ে দিতে না পেরে রবমা চিন্তিত হয়ে পড়ে।

- ক. পিং কিং শিয়ারের কাজ কী?
 খ. পোশাকে দাগ দেওয়ার সরঞ্জাম বলতে কী বুঝায়?
 গ. সেলাই কাজের জন্য রবমার মেশিনটি নির্বাচন কী সঠিক হয়েছে? ব্যাখ্যা কর।
 ঘ. উপযুক্ত সরঞ্জামের অভাবেই রবমা লাভবান হতে পারছে না। বুঝিয়ে লিখ।

- ঘ. উপযুক্ত সরঞ্জামের অভাবেই রবমা লাভবান হতে পারছে না—এ কথাটি সঠিক। কেননা যে কোনো সুন্দর মানানসই ফিটিং পোশাকের পূর্বশর্ত হচ্ছে সঠিকভাবে পরিধানকারীর দেহের মাপ নেওয়া। দেহের বিভিন্ন অংশের মাপ নেওয়ার জন্য কিছু সরঞ্জামের প্রয়োজন হয়। যেমন : মাপের ফিতা, স্কেল, গজ কাঠি ইত্যাদি। সুন্দরভাবে কাপড় ছাঁটার জন্য মাঝারি ধারালো কাঁচি, সুতা কাটার জন্য ছোট কাঁচি এবং পোশাক প্রস্তুতের পর পোশাকের প্রান্তধার কাটার জন্য পিংকিং শিয়ার ব্যবহার করা হয়। প্রয়োজনীয় দাগ দেওয়ার জন্য পেন্সিল, টেইলারিং চক ইত্যাদি প্রয়োজন হয়। কিন্তু রবমা শুধু হাতমেশিন, কাঁচি ও গজ ফিতা দিয়ে কাজ করে বিধায় পোশাকগুলো সুন্দর হয় না। আর এ কারণেই বুটিক শপের দোকানিরা সেগুলো ফেরত দিয়ে দেয়। সুতরাং আমরা বলতে পারি, উপযুক্ত সরঞ্জামের অভাবেই রবমা লাভবান হতে পারছে না।

▶◀ ১নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. পিংকিং শিয়ারের কাজ হচ্ছে পোশাক প্রস্তুতের পর পোশাকের প্রান্তধার কাটা।
 খ. পোশাকের নকশা আঁকা ও নকশার বিভিন্ন স্থানে প্রয়োজনীয় দাগ বা মাপের চিহ্ন দেওয়ার জন্য যেসব সরঞ্জাম ব্যবহার করা হয় তাদের পোশাকে দাগ দেওয়ার সরঞ্জাম বলে। যেমন: পেন্সিল, টেইলারিং চক, ট্রেসিং হুইল, কার্বন পেপার, বিভিন্ন রঙের সুতা, দাগ মোছার জন্য রাবার ইত্যাদি।
 গ. সেলাই কাজের জন্য রবমার মেশিনটি নির্বাচন সঠিক হয়নি। কারণ রবমা হাত মেশিন দিয়ে কাপড় সেলাই করে। এ মেশিনের উৎপাদন রমতা কম। হাত মেশিনে বাম হাত দিয়ে কাপড় ধরে ডান হাত দিয়ে হাতল ঘোরাতে হয় ফলে কাপড়ের সেলাইয়ের মাপ অনেক সময় ঠিক হয় না। যদি সে পা মেশিন নির্বাচন করত তাহলে সে দুই হাতের সাহায্যে কাপড় নিয়ন্ত্রণ করতে পারত। পোশাকের কলার, কাফ, পকেট, পিরট, বোতাম ঘর ইত্যাদির ফিনিশিং ভালো করার জন্য দুই হাতের প্রয়োজন হয়। এছাড়াও পা মেশিনের উৎপাদন রমতা হাত মেশিনের চেয়ে বেশি হওয়ায় পাড়ার লোকদের সঠিক সময়ে অর্ডার দিতে রবমাকে চিন্তা করতে হতো না। সুতরাং বলা যায়, সেলাই কাজের জন্য রবমার মেশিন নির্বাচন সঠিক হয়নি।

প্রশ্ন-২▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

নিরুপমা কিছুদিন হলো সুচি শিল্পের কাজ শিখেছে। তাই সে রবমালে সুচি কাজ করবে বলে ঠিক করল। রবমালের এক কোনায় ডালসহ একটি ফুলের নকশা ঐকে টাক ও হেম সেলাই দিয়ে নকশাটি করল। সেলাই শেষে দেখা গেল নকশাটি কুঁচকে আছে। রবমাটিও ছিদ্র হয়ে গেছে।

- ক. বডকিন কোন কাজে ব্যবহার করা হয়?
 খ. পরিধানকারীর দেহের মাপ নেওয়া বলতে কী বুঝায়?
 গ. নিরুপমা রবমালের নকশায় সঠিক ফোঁড় ব্যবহার করেছে কি না? ব্যাখ্যা কর।
 ঘ. কোন কোন গুরুত্বপূর্ণ বিষয় অনুসরণ না করায় নিরুপমার রবমালের নকশাটি নষ্ট হলো। আলোচনা কর।

▶◀ ২নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. বডকিন সেলাই খোলার কাজে ব্যবহার করা হয়।
 খ. যে কোনো সুন্দর মানানসই ফিটিং পোশাকের পূর্বশর্ত হলো সঠিকভাবে পরিধানকারীর দেহের মাপ নেয়া। পোশাক তৈরি করার জন্য দর্জি কর্তৃক পোশাক পরিধানকারীর পোশাকের সাথে সামঞ্জস্য করে যে মাপ নেয়া হয় তাকে পরিধানকারীর দেহের মাপ বলা হয়।
 গ. নিরুপমা রবমালের নকশায় সঠিক ফোঁড় ব্যবহার করেনি। সে টাক ও হেম সেলাই ব্যবহার করেছে। এবেত্রে টাক দেওয়ার দরকার ছিল না। কারণ দুই বা ততোধিক কাপড় সাময়িকভাবে জোড়া

লাগানো হয় টাক সেলাই এর মাধ্যমে। আর হেম সেলাই দিয়ে রবমাল, টেবিল ক্লথ, জামা ও বরাউজের নিচের ধার সেলাই করা হয়। নিরবপমা যেহেতু রবমালের কোনায় ডালসহ ফুলের নকশা ঐক্যে তাই সে নকশা ফুটিয়ে তুলতে ডাল, রান, বখেয়া, লেজিডেজি ইত্যাদি সেলাই ব্যবহার করতে পারত। এ থেকে বোঝা যায় নিরবপমা রবমালের নকশায় সঠিক ফোঁড় ব্যবহার করেনি।

ঘ. কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় অনুসরণ না করার কারণে নিরবপমার নকশাটি নষ্ট হলো। নকশা অনুসারে বিভিন্ন ধরনের ফোঁড়ের

সঠিক প্রয়োগ না করার ফলে নকশাটি নষ্ট হলো। তাছাড়া নকশার বেত্রে কাপড় যেন কুঁচকে না যায় সেদিকে লব রেখে সুতার টান ঠিক রাখতে হয়। সেই সাথে চর্চার মাধ্যমে নিখুঁত ফোঁড় সৃষ্টির চেষ্টা করতে হয়। কিন্তু নিরবপমা এই বিষয়গুলো অনুসরণ করেনি। সে টাক ও হেম সেলাই দিয়ে নকশাটি করেছে। এতে নকশাটি কুঁচকে যায় ও রবমালটিও ছিদ্র হয়ে যায়। এ থেকে বলা যায়। উপরিউক্ত গুরুত্বপূর্ণ বিষয় অনুসরণ না করায় নিরবপমার নকশাটি নষ্ট হলো।



অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর



প্রশ্ন-৩▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

সুরাইয়া আক্তার ঘরের কাজের পাশাপাশি সেলাই প্রশির্ষণ নেন। তিনি পা মেশিনে সেলাই করেন। তিনি পোশাকের কাফ, কলার পিরট খুব সুন্দর করে করেন। তার তৈরি পোশাকের মাপ সঠিক হয়। তিনি পোশাক তৈরির বিভিন্ন সরঞ্জাম ব্যবহার করেন। যথাসময়ে এবং বৈচিত্র্যময় পোশাক তৈরি করে তিনি জনপ্রিয় হয়ে উঠেছেন।

- ক. সবচেয়ে সহজ ফোঁড় কোনটি? ১
খ. সেলাইয়ের সরঞ্জামগুলো গোছানো থাকা প্রয়োজন কেন? ২
গ. সুরাইয়া আক্তার পোশাকের কলার, কাফ তৈরিতে কোন পদ্ধতি অবলম্বন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুরাইয়া আক্তারের বৈচিত্র্যময় পোশাক তৈরিতে বিভিন্ন সরঞ্জামের ভূমিকা মূল্যায়ন কর। ৪



৩নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. সবচেয়ে সহজ ফোঁড় হলো রান ফোঁড়।
খ. সেলাই করার জন্য সেলাই মেশিনের পাশাপাশি মাপ দেওয়া, কাপড় কাটা, কাপড় দাগ দেওয়া, চাপ দেওয়া ও হাতে সেলাই করা ইত্যাদির জন্য বিভিন্ন সরঞ্জামের দরকার হয়। সেলাইয়ের সরঞ্জামগুলোকে খুব যত্নের সাথে একটি বাক্সে রাখলে ভালো হয়। এগুলো গোছানো থাকলে প্রয়োজনে সহজেই পাওয়া যায় এবং এগুলোর সাহায্যে হাতের কাজ খুব ভালোভাবে করা যায়।
গ. পোশাকের বিভিন্ন অংশ ছাঁটার আগে ও সেলাই করার পর তাদের আকৃতি সঠিকভাবে দেওয়ার জন্য ইস্ত্রি করার প্রয়োজন হয়। উদ্দীপকে সুরাইয়া আক্তার পোশাকের কলার, কাফ ও পিরট ছাঁটার আগে ও পরে ইস্ত্রি করে নেন। তাই তার তৈরি পোশাকের কলার, কাফ ও পিরটের আকৃতি সুন্দর ও পরিপাটি হয়। এরপর তিনি এসব অংশ অন্য অংশের সাথে সেলাই জুড়ে দিয়ে সম্পূর্ণ পোশাক তৈরি করেন। ফলে পোশাকটি দেখতে খুব সুন্দর হয়। সুরাইয়া আক্তার এভাবেই পোশাকের কলার, কাফ, পিরট তৈরি করে পোশাকের আকৃতি ও সৌন্দর্য বৃদ্ধি করে থাকেন।
ঘ. সুরাইয়া আক্তার সেলাই কাজে বিভিন্ন রকম সরঞ্জাম ব্যবহার করেন। দেহের বিভিন্ন অংশের মাপের সরঞ্জাম যেমন : মাপের ফিতা, স্কেল, টি-স্কেয়ার, শেইপ কাঠ, ফ্রেঞ্চ কার্ত, গজ কাঠি ইত্যাদি ব্যবহার করে যে কোনো মানানসই ফিটিং পোশাক তৈরি করেন। কাটার সরঞ্জাম দ্বারা সুন্দরভাবে কাপড় কাটেন এবং পোশাকের নকশা ফুটিয়ে তোলেন। দাগ দেওয়ার সরঞ্জাম ব্যবহার করে পোশাকের নকশা আঁকেন ও প্রয়োজনীয় মাপের চিহ্ন দেন। চাপ দেওয়ার সরঞ্জাম ব্যবহার করে সেলাইয়ের পর পোশাকের আকৃতি সঠিকভাবে প্রস্তুত করেন। মেশিনে সেলাই করার পর কিছু অংশ হতে সেলাই করে সমাপ্ত করেন। এভাবে সুরাইয়া আক্তার বিভিন্ন ধরনের সরঞ্জাম ব্যবহার করেন বলে তার তৈরি পোশাক বৈচিত্র্যময় হয় এবং সকলের প্রশংসা অর্জন করেন।

প্রশ্ন-৪▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

রানী তার ছোট বোনের জামাতে শিকলের মতো দেখতে এক ধরনের সেলাই ব্যবহার করে নকশা করল। সবাই তার করা নকশাটি পছন্দ করল। তাই দেখে তার ছোট ভাই বায়না ধরল তার ফতুয়ায় নকশা করে দেয়ার জন্য। রানী বখেয়া ফোঁড়ের সাহায্যে তার ভাইয়ের ফতুয়ায় প্রাকৃতিক দৃশ্যের নকশা ফুটিয়ে তুলল।

- ক. এমব্রয়ডারি করতে কেমন সূচ ব্যবহার করতে হয়? ১
খ. লেজিডেজি ফোঁড় সম্পর্কে লিখ। ২
গ. রানীর ছোট বোনের জামাতে করা নকশাটি কোন ফোঁড়ের? ব্যাখ্যা কর। ৩
ঘ. রানীর ভাইয়ের ফতুয়ায় প্রাকৃতিক দৃশ্যের নকশা ফুটিয়ে তুলতে উল্লিখিত ফোঁড়ের ব্যবহার কতটুকু যুক্তিযুক্ত হয়েছে বলে তুমি মনে কর? ৪



৪নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. এমব্রয়ডারি করতে চিকন সূচ ব্যবহার করতে হয়।
খ. বিভিন্ন নকশায় ছোট ফুলের পাপড়ি এবং পাতা তৈরি করতে লেজিডেজি ফোঁড় ব্যবহার করা হয়। একটি বড় চেইন ফোঁড় তৈরি করে তার উপরের অংশে একটি ছোট ফোঁড় দিয়ে কাপড়ের সাথে আটকে দিলে লেজিডেজি ফোঁড় তৈরি হয়।
গ. রানীর ছোট বোনের জামাতে করা নকশাটি চেইন ফোঁড়ের। কারণ চেইন ফোঁড় দেখতে শিকলের মতো। এ সেলাই করতে প্রথমে কাপড়ের পেছন থেকে সূতা তুলে সূচ দিয়ে বাম দিকে একটি ফোঁড় তোলা হয় এবং সূতা দিয়ে সূচের ঠিক আগায় একটি ফাঁস তৈরি করা হয়। তারপর সূচ টেনে বের করতে হয়। পরের বার ফোঁড় ওঠাবার সময় ঠিক আগের ফোঁড়ের মধ্য থেকে ওঠাতে হয়। এভাবেই রানী চেইন ফোঁড়ের সাহায্যে নকশাটি করল।
ঘ. রানীর ভাইয়ের ফতুয়ায় করা প্রাকৃতিক দৃশ্যের নকশা ফুটিয়ে তুলতে বখেয়া ফোঁড়ের ব্যবহার পুরোপুরি যুক্তিযুক্ত হয়েছে। কেননা বখেয়া সেলাই করার সময় প্রথমে কাপড়ে সূতা আটকিয়ে সূচকে একটু পেছনে এনে আর একটি ফোঁড় দিতে হয়। এই দ্বিতীয় ফোঁড়ে সূচের অগ্রভাগ প্রথম ফোঁড় থেকে একটু সামনে উঠে। এবেত্রে প্রতিটি ফোঁড় পরস্পরের গায়ে লেগে থাকে। এই ফোঁড় বেশ মজবুত হয়। এর সোজা দিক দেখতে মেশিনে সেলাইয়ের মতো এবং উল্টোদিক ডাল ফোঁড়ের মতো দেখায়। নকশার ধার, গাছের ডাল, পাতা ইত্যাদি নকশার জন্য এই ফোঁড় ব্যবহার করা হয়। তাই বলা যায়, রানীর বখেয়া ফোঁড়ের ব্যবহার যুক্তিযুক্ত।

প্রশ্ন-৫▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

শিউলীর তৈরি কাপড়ের প্রশংসা মা করে না। সে ঠিকমতো কাপড়ে দাগ দেয় না এমন কী ফিতা দিয়ে মাপ নিতেও পারে না। সে একই কাটিং সব ধরনের ড্রেস এ ব্যবহার করে। এছাড়া হাতে সেলাই করার কাজও ভালো হয় না। তার মা বললেন প্র্যাকটিস ও সরঞ্জাম সম্পর্কে সঠিক ধারণা নিয়ে কাজে নিপুণতা আনতে হবে।



- ক. বাজারে সাধারণত কত ধরনের সেলাই মেশিন পাওয়া যায়? ১
 খ. বৈদ্যুতিক মেশিনে সেলাই করতে কম পরিশ্রম হয় কেন? ২
 গ. শিউলী কীভাবে একজন দরকারিগর হয়ে উঠতে পারে বর্ণনা কর। ৩
 ঘ. অনুচ্ছেদে উল্লিখিত বিভিন্ন সরঞ্জামের শ্রেণিবিভাগ করে প্রয়োজনীয়তা মূল্যায়ন কর। ৪

◀ ৫নং প্রশ্নের উত্তর ▶

- ক. বাজারে সাধারণত তিন ধরনের সেলাই মেশিন পাওয়া যায়।
 খ. বৈদ্যুতিক মেশিন মানুষের হাত বা পা দ্বারা পরিচালিত হয় না। বিদ্যুৎশক্তি কাজে লাগিয়ে এ মেশিন চালনা করা হয় বলে সেলাই করতে কম পরিশ্রম হয়।
 গ. একটি পোশাকের নকশা সুন্দরভাবে ফুটিয়ে তোলার জন্য কাপড় ঠিকমতো কাটতে হয়। উপযুক্ত সরঞ্জাম ছাড়া কোনো কাপড়ই সুন্দরভাবে কাটা যায় না। কাপড় কাটার আগে পোশাকের নকশা ও বিভিন্ন স্থানে দাগ দেওয়ার জন্য কিছু সরঞ্জাম প্রয়োজন হয়। উদ্দীপকে শিউলী কাপড় কাটার আগে মাপ অনুযায়ী ঠিকমতো দাগ দিয়ে নেয় না এতে সে সঠিক মাপ অনুযায়ী কাপড় কাটতে পারে না। ফলে পোশাকের ফিটিং ঠিকমতো হয় না। আবার সে সব জামা

তৈরিতে একই ধরনের কাটিং ব্যবহার করে। হাতে সেলাই করার কাজও ভালো পারে না। সে যদি পোশাক তৈরির আগে মাপ নেওয়া, দাগ কাটা, কাটিং, চাপ দেওয়া ইত্যাদির পদ্ধতি ও সরঞ্জামগুলো সম্পর্কে জ্ঞান লাভ করে ও সে অনুযায়ী অনুশীলন করে তবে সে একজন দরকারিগর হয়ে উঠতে পারবে।

ঘ. অনুচ্ছেদে মাপ নেওয়া, দাগ দেওয়া, কাটিং ও হাতে সেলাই করার সরঞ্জামের কথা বলা হয়েছে। এসব সরঞ্জামের প্রয়োজনীয়তা পোশাক তৈরির জন্য খুবই গুরুত্বপূর্ণ। কারণ যে কোনো সুন্দর মানানসই ফিটিং পোশাকের পূর্বশর্ত হচ্ছে সঠিকভাবে পরিধানকারীর দেহের মাপ নেওয়া। আবার উপযুক্ত সরঞ্জাম ছাড়া কোনো কাপড়ই সুন্দরভাবে কাটা যায় না। ফলে পোশাকের নকশাও ঠিকমতো ফুটে ওঠে না। কাপড় কাটার আগে বিভিন্ন স্থানে প্রয়োজনীয় দাগ দেওয়া থাকলে কাটতে সুবিধা হয় ও ভুল হয় না। এছাড়াও পোশাক সেলাই করার সময় যদিও এর বেশির ভাগ অংশ মেশিনে সেলাই করতে হয়, তবুও বেশ কিছু অংশ পরিপাটিভাবে সমাপ্ত করার জন্য হাতে সেলাই করতে হয়। তাই আমি মনে করি এ সকল সরঞ্জামগুলো যদি পোশাক তৈরির আগে ও পরে প্রয়োজনমতো ব্যবহৃত হয় তবে পোশাক সুন্দর ও নজরকাড়া হবে। এজন্য এ সব সরঞ্জামের প্রয়োজনীয়তা অপরিসীম।



সৃজনশীল প্রশ্নব্যংক

প্রশ্ন -৬ ▶ সীমা সেলাই শিল্পের প্রতি খুবই আগ্রহী এবং সে তার বড় বোনের সহযোগিতায় সেলাইয়ের কাজ শিখে। এখন তার ইচ্ছা সে নিজে নিজে কাজ করবে। সেলাই কাজের জন্য নির্ধারিত সরঞ্জাম প্রয়োজন। এজন্য সে একটি মেশিন এবং মাপ নেওয়ার সরঞ্জাম ও কাটার সরঞ্জাম কিনল। তার মেশিনটি চালাতে বিদ্যুৎশক্তির প্রয়োজন হয় না।

- ক. সেলাই কোন ধরনের কাজ? ১
 খ. কীভাবে রান ফোঁড় সম্পন্ন করতে হয়? ব্যাখ্যা কর। ২
 গ. সীমা সেলাই কাজের জন্য যে মেশিনটি কিনেছে তার বর্ণনা দাও। ৩
 ঘ. সীমা কীভাবে সেলাই কাজের মান বৃদ্ধি করতে পারে? মতামত দাও। ৪

প্রশ্ন -৭ ▶ লেডি ডেজি, বখেয়া ও রানফোঁড় রীমার খুব প্রিয়। সে এই ফোঁড়গুলো দিয়ে তৈরি বিভিন্ন হাতের কাজের কাপড় বাজারে সাপরাই দেয়। তার নকশা ও কাপড়ের স্থায়িত্বের কারণে বাজারে তার কাপড় বেশ সমাদৃত। রান ফোঁড়ের সাহায্যে রীমা অতি অল্প সময়ে সুন্দর সুন্দর নকশা তৈরি করেন।

- ক. এমব্রয়ডারিতে কোন সূচ ব্যবহার করতে হয়? ১
 খ. নকশা তৈরিতে কাপড় নির্বাচন গুরুত্বপূর্ণ কেন? ২
 গ. রীমার তৈরিকৃত কাপড় বাজারে সমাদৃত হওয়ার কারণ বর্ণনা কর। ৩
 ঘ. রীমার প্রিয় ফোঁড় কোনটি এবং এর কারণ বিশ্লেষণ কর। ৪



অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

- প্রশ্ন ১** ১ ॥ সেলাই সরঞ্জামের মধ্যে সবচেয়ে প্রধান কী?
উত্তর : সেলাই সরঞ্জামের মধ্যে সবচেয়ে প্রধান হলো সেলাই মেশিন।
প্রশ্ন ২ ২ ॥ অল্প পরিশ্রমে বেশি কাপড় সেলাই করা যায় কোন মেশিনে?
উত্তর : অল্প পরিশ্রমে বেশি কাপড় সেলাই করা যায় বৈদ্যুতিক মেশিনে।
প্রশ্ন ৩ ৩ ॥ মানানসই ফিটিং পোশাকের পূর্বশর্ত কী?
উত্তর : সঠিকভাবে পরিধানকারীর দেহের মাপ নেওয়া।
প্রশ্ন ৪ ৪ ॥ চাপ দেওয়ার জন্য কী দরকার হয়?
উত্তর : চাপ দেওয়ার জন্য সঠিক ওজনের ইস্ত্রি ও সঠিক উচ্চতার টেবিল দরকার হয়।
প্রশ্ন ৫ ৫ ॥ নকশি কাঁথা তৈরিতে কোন ফোঁড় ব্যবহার করা হয়?
উত্তর : নকশি কাঁথা তৈরিতে রান ফোঁড় ব্যবহার করা হয়।
প্রশ্ন ৬ ৬ ॥ চেইন ফোঁড় দেখতে কিসের মতো?
উত্তর : চেইন ফোঁড় দেখতে শিকলের মতো।

● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

- প্রশ্ন ১** ১ ॥ হাত মেশিনের সুবিধা উল্লেখ কর।
উত্তর : হাত মেশিন চালাতে বিদ্যুৎশক্তি প্রয়োজন হয় না বলে ব্যয় কম হয়। অন্যান্য মেশিনের তুলনায় এই মেশিনের দাম কম। এ মেশিনের যত্ন নেওয়াও সহজ। তাই যারা নতুন সেলাই শিখছে তাদের জন্য হাত মেশিন ব্যবহার করা সুবিধাজনক।
প্রশ্ন ২ ২ ॥ চেইন ফোঁড়ের বৈশিষ্ট্য লেখ।
উত্তর : চেইন ফোঁড়ের বৈশিষ্ট্য :
 ● দেখতে চেইন বা শিকলের মতো।
 ● পোশাকে যে কোনো নকশার কিনারে ব্যবহার করা হয়।
 ● ডাল, পাতা তৈরিতে এ ফোঁড় দেয়া হয়।
 ● এ ফোঁড় টেকসই হয়।

